


শিক্ষা
দৈনিক ইয়কিলাব



নোয়াখালী কারামতিয়া মাদ্রাসার প্রিন্সিপাল প্রকৃত

লক্ষীপুর জেলা প্রতিনিধিঃ নোয়াখালী কারামতিয়া আলীয়া মাদ্রাসার প্রিন্সিপাল মুহাম্মদ ইসমাইলকে সন্ত্রাসীরা পিটিয়ে রক্তাক্ত জখম করেছে। বর্তমানে তিনি লক্ষীপুর আধুনিক হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। গত শুক্রবার লক্ষীপুর সদর উপজেলার যাদৈয়া সিনিয়র মাদ্রাসার প্রিন্সিপাল নিয়োগকে কেন্দ্র করে এ ঘটনা ঘটেছে। এ ব্যাপারে প্রিন্সিপাল মুহাম্মদ ইসমাইল বাদী হয়ে যাদৈয়া সিনিয়র মাদ্রাসার প্রিন্সিপাল মাওলানা আহম্মদ উল্যাসহ ৭ জনের বিরুদ্ধে সদর থানায় মামলা দায়ের করেছেন। মামলায় উল্লেখ করা হয় বাদী নোয়াখালী কারামতিয়া আলীয়া মাদ্রাসার প্রিন্সিপাল ও যাদৈয়া মাদ্রাসার ম্যানেজিং কমিটির সদস্য। মামলার আসামী যাদৈয়া মাদ্রাসার প্রাক্তন প্রিন্সিপাল। অন্যান্য আসামী ভাড়াটিয়া সন্ত্রাসী। বয়স বেড়ে যাবার কারণে অধ্যক্ষের পদের চাকরীর মেয়াদ শেষ হয়ে যায়।